Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

—:o:—


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।৹ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা।

নগদ মূল্য ৴৹ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।


৩৯শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৫শে চৈত্র বুধবার ১৩৫৯ ইংরাজী 8th April, 1953 { ৪৫শ সংখ্যা





ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

— C. P. Service



## জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা ও উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যাওয়া অসম্ভব নয়, তাই নিজের জন্যও যেমন তাঁদের দুশ্চিন্তা, ছেলে-মেয়ে ও আত্মীয়-পরিজনের জন্যও তেমনি তাঁদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়? হিন্দুস্থানের বীমাপত্র সেই সংস্থানের উপায় স্বরূপ—প্রত্যেকের আর্থিক সঙ্গতি ও বিভিন্ন প্রয়োজন অনুযায়ী নানাবিধ বীমাপত্রের ব্যবস্থা আছে।

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৫শে চৈত্র বুধবার সন ১৩৫৯ সাল

# ত্রেতার রামরাজ্য আর এ কালের রামরাজ্য

—•—

ভগবানের দশ অবতারের মধ্যে ত্রেতা যুগে তিন অবতার আবির্ভূত হন। তাঁহারা (১) বামন, (২) পরশুরাম ও (৩) শ্রীরামচন্দ্র। শ্রীরামচন্দ্র অযোধ্যাপতি সূর্য্যবংশীয় রাজা দশরথের জ্যেষ্ঠপুত্র-রূপে জন্মগ্রহণ করেন। পিতা দশরথ পুত্র রামচন্দ্রকে রাজোচিত গুণসম্পন্ন করিবার জন্য সর্ব্ববিধ শিক্ষার ব্যবস্থা করিয়াছিলেন। তবুও যেন আদর্শ নৃপতির সর্ব্বগুণ তিনি প্রাপ্ত হন নাই। সেইজন্য বিধির বিধানে বিমাতার চক্রে পিতৃসত্য পালনের জন্য চতুর্দ্দশ (চৌদ্দ) বৎসরকাল সহধর্ম্মিণী সীতা ও অনুজ লক্ষ্মণকে সঙ্গে লইয়া বনবাসে কালাতিপাত করিতে হইয়াছিল। রাজভবনে রাজপুত্র হইয়া যে কষ্ট কখনও অনুমান করিতে পারেন নাই, এই চৌদ্দ বৎসর বনবাসে হতভাগ্য মানুষের যত প্রকার দুঃখ দৈন্য ভোগ করিতে হয়, স্বয়ং সর্ব্বপ্রকার কষ্ট ভোগ করিয়া ভুক্তভোগীর অভিজ্ঞতা লাভ করিয়া পরে রাজসিংহাসনে উপবেশন করেন। প্রজার প্রত্যেক দুঃখ অনুভব করিবার শক্তি লাভ করিয়াছিলেন বলিয়া সে দুঃখ দূর করিয়া প্রজারঞ্জনে যত্নবান হইতেন। অগ্নিপরীক্ষা লইয়া সম্পূণ নির-পরাধিনী জানিয়াও প্রজাগণের তুষ্টিবিধানের জন্য পূর্ণগর্ভা সহধর্ম্মিণী সীতাকেও নির্ব্বাসিতা করিতে দ্বিধা করেন নাই। এহেন প্রজারঞ্জক রাজা রাম-চন্দ্রকেও অন্যায় যুদ্ধে চোরা বাণে বালি বধের অপরাধে জনগণ আজিও অব্যাহতি দেয় নাই। ত্রেতাযুগে শূদ্রের তপশ্চারণ অপরাধ বলিয়া পরিগণিত হইলেও শম্বুকের শিরশ্ছেদনে এ যুগে তাঁহাকে অপরাধী বলিয়া অভিনয় করা হইতেছে। বালীর সহধর্ম্মিণী তারা অন্যায় সমরে তাহার পতিসংহারের জন্য বনবাসী রামচন্দ্রকে যে অভিশাপ দিয়াছিলেন যাত্রার দলের সেই গান রেশন প্রবর্ত্তিত হইবার পূর্ব্ব পর্য্যন্ত এক মুষ্টি তণ্ডুলের বিনিময়ে ভিক্ষুক গৃহস্থের দ্বারে দ্বারে শ্রীরামচন্দ্রের অপকীর্ত্তির জন্য অভিশপ্ত হওয়ার গান গাইতে ছাড়ে নাই। এখনও ট্রেনে অন্ধ ভিখারী করুণ কণ্ঠে রামচন্দ্রের নিন্দাগীতি গাহিয়া ভিক্ষা করে।

## তারার অভিসম্পাত গীতি

বিপদবারণ তুমি নারায়ণ,  
লোকে বলে তোমায় করুণানিদান!  
তবে কেন হায় লুণ্ঠিত ধরায়,  
স্বর্ণ-শিখিচূড় ভূতলে পতন॥  
কি দোষ পাইয়া পতিরে আমার,  
অন্যায় সমরে করিলে সংহার,  
দয়াময়, তব একি অবিচার,  
বধিয়া বধিলে অবলার প্রাণ!  
যে অনলে প্রভু, জ্বালালে আমায়,  
সে অনলে তুমি জ্বলিবে নিশ্চয়,  
জানকী পাইবে, পুনঃ হারাইবে,  
কেঁদে কেঁদে হবে দিবা অবসান॥

নারায়ণের অবতার রামচন্দ্রকে পতিবিয়োগ-বিধুরা তারার অভিসম্পাত অক্ষরে অক্ষরে ভোগ করিতে হইয়াছিল। সুগ্রীবের সহিত মিত্রতা করিয়া বানর-চমূর সহায়তায় সীতা উদ্ধারে সমর্থ হইলেও, রাজসিংহাসনে বসিয়া বেশীদিন জানকীকে লইয়া ঐশ্বর্য্যভোগ করিতে পারেন নাই। নির-পরাধিনী সীতাকে নির্ব্বাসিতা করিয়া অবশিষ্টজীবন হাঃ সীতা! হাঃ সীতা! করিয়া কাঁদিয়া কাঁদিয়া দিনযাপন করিতে হইয়াছিল।

শুধু কি তাই, বালি-পুত্র অঙ্গদ পিতৃনিধনকারী রামচন্দ্রকে ত্রেতা যুগের পিতৃহত্যার প্রতিশোধ লইয়াছিলেন দ্বাপরে, যখন কৃষ্ণরূপে জন্মগ্রহণ করেন ত্রেতার রামচন্দ্র তখন। কৃষ্ণের যদুবংশ ধ্বংস হওয়ার পর তিনি যোগাবলম্বন করিয়া বনমধ্যে যখন অবস্থান করিতেছিলেন, ত্রেতার অঙ্গদ এই সময়ে জরা নামক ব্যাধরূপে জন্মগ্রহণ করিয়া কৃষ্ণের রাঙা চরণকে লাল পাখী মনে করিয়া শরবিদ্ধ করায় কৃষ্ণের দেহত্যাগ ঘটে। ত্রেতার চোরা বাণে বালি বধের ফলভোগ করিতে হইয়াছিল এক যুগ পর দ্বাপরে। অন্যায় সমরের কলঙ্ক রামায়ণে শেষ হয় নাই মহাভারতেও তাহার পুনরুল্লেখ হইয়াছে।

১৯৪৭ অব্দের ১৫ই আগষ্টের পর যে রামরাজ্যের কথা সকলে শুনিয়া আসিতেছেন, এবং রামায়ণের বর্ণিত রামরাজ্য দেখিবার আশা করিয়া আসিতে-ছেন, এই সাড়ে ছয় বৎসর মধ্যে তাহার যে নমুনা হাতে কলমে দেখা যাইতেছে তাহা মজ্জায় মজ্জায় সকলেই অনুভব করিতেছেন। মহাত্মাজীর আবি-র্ভাব দিবসে ও তিরোভাব দিবসে রামগুণানুকীর্ত্তন

রঘুপতি রাঘব রাজারাম  
পতিত পাবন সীতারাম……

গান বেতারে, সভাস্থলে মাইক যন্ত্রে কানে শোনা যায়। আর রাম নাম শোনা যায় যখন আড়তদার বা দোকানদার দাঁড়িপাল্লা লইয়া ওজন আরম্ভ করে তখন প্রথম ধারাকে এক ধারা না বলিয়া সুর করিয়া বলে "রামে ধারা রাম।" হিন্দী ভাষাভাষী ভেইয়ারা যখন কাহারো শবদেহ বহন করিয়া শ্মশানে লইয়া যায় তখন বলে "রাম নাম সত্য হ্যায়"। আর ৪০০ বৎসর পূর্ব্বে হিন্দী ভাষায় রামচরিত প্রণেতা তুলসীদাস যে দোঁহা রচনা করিয়াছেন তাহাতে বর্ত্তমান রামরাজ্যের হুবহু বর্ণনানুযায়ী স্বরূপ দেখা যায়—

সাচ কহে তো মারে লাঠ্‌ঠা  
ঝুটি জগৎ ভুলায়।  
গোরস গলি গলি ফিরে  
সুরা বৈঠল্ বিকায়॥  
চোরকো ছোড়ে সাধকো বাঁধে,  
পথিককো লাগাওয়ে ফাঁসি।  
ধন্য কলি যুগ তেরী তামাসা  
দুখ লাগে ঔর হাঁসি॥

অর্থ—সত্য বলিলে তাহাকে লাঠি মারিতেছে। মিথ্যায় জগৎ ভুলিতেছে। দুগ্ধ লইয়া বিক্রেতা গলি গলি চীৎকার করিয়া ফিরিতেছে, কিন্তু এক স্থানে বসিয়া মদ বিক্রয় হইতেছে। চোরকে ছাড়িয়া সাধুকে বন্ধন করা হইতেছে। অনর্থক পথিককে ধরিয়া তাহার গলায় ফাঁসি লাগান হইতেছে। ইহাই বর্ত্তমান কলিযুগে রামরাজ্য বলিয়া কথিত রাজ্যের অবস্থা।

ত্রেতার রামরাজ্যের অনেক বিশিষ্ট রামদাস-মারুতির সহিত এই রাজ্যের অনেক রাষ্ট্রনায়কের স্বভাবের সাদৃশ্য পরিলক্ষিত হইতেছে। যখন স্বজন-পোষণাদি স্বার্থ সংঘটিত ব্যাপারে কাঙাল দেশের অর্থ লইয়া ছিনিমিনি খেলার অভিযোগ, এমন কি সর্ব্বশ্রেষ্ঠ হিসাবরক্ষক একাউণ্ট্যাণ্ট জেনেরালের মন্তব্যে হুজুরদের কসুর ধরা পড়ে, তখন তজ্জন্য প্রশ্ন বা অভিযোগ করিলে হুজুররা ত্রেতার মহাবীর মারুতির মত দন্ত খিঁচাইয়া অপ্রিয় বাক্য বলিতে লজ্জাবোধ করেন না। ইংরাজ আমলে ইহারাই পরাধীন থাকিয়া তদানীন্তন রাষ্ট্রনায়কদের যে যে দোষ দেখাইয়া বচন-জাহির করিয়াছিলেন, এখন নিজেরাই ইংরাজের প্রত্যেক দোষের যোগ্যতম উত্তরাধিকারী হইয়া অত্যাচার করিতে লজ্জাবোধ করেন না। বিদ্রোহী কবি যাত্রাওয়ালা ৺মুকুন্দ দাস ইংরাজদের লক্ষ্য করিয়া যে গান শুনাইয়া গিয়াছেন, আমরা সেই গানটি পাঠকগণকে শুনাইয়া আশ্বাস দিতেছি—

"আসিবে এদিন আসিবে !
যেদিন ও ভুঁড়ি ফাঁসিবে।"

৺মুকুন্দ দাসের গান

সাবধান! সাবধান !!
আসিছে নামিয়া ন্যায়ের দণ্ড
রুদ্র-দীপ্ত-মূর্ত্তিমান !
সাবধান !
ঐ শোন তার বাজিছে কম্বু—
অম্বুধি যথা উচ্ছলে,
প্রলয়-ঝঞ্ঝা ইরম্মদে
বজ্র গভীর কল্লোলে !
হুঙ্কার শুনি জলদ-মন্দ্র
কাঁপিছে তারকা, সূর্য্য, চন্দ্র,
বদ্ধ আকাশ, স্তব্ধ বাতাস
কাঁপিয়া উঠিছে জগৎপ্রাণ !
সাবধান !
ত্রিভুবন জুড়ি বিরাট দেহ,
ভাবিতেছ বুঝি পালাবে কেহ,
এখনও চরণে শরণ লেহ,
নতুবা নাহিক পরিত্রাণ !
সাবধান !!

---

## "হেরে নয়ন জুড়াল রে !"

ইংরাজ রাজত্বে ১লা এপ্রিল কোন ঘটনা হইবে, বলিয়া ঘোষণা করিলে কেহ সহজে তাহা বিশ্বাস করিতে চাহে না। কংগ্রেস রাজত্বেও কলিকাতা সহরের বুকের উপর সংবাদপত্রের রিপোর্টারগণকেও মিথ্যা সংবাদ দিয়া বেকুব করা হইয়াছে। আমাদের জঙ্গিপুরে পশ্চিম বাংলার কংগ্রেসের শিরোমণি শ্রীঅতুল্য ঘোষ আসিবেন এই ১লা এপ্রিল বলিয়া-ঘোষণা করা হয়। তিনি সত্য সত্যই আসিয়া-ছিলেন। তাঁহার পরণে যে খদ্দর ধুতি ও গায়ে যে খদ্দরের জামা দেখা গেল, তাহা অপূর্ব্ব ! কার সাধ্য বলে যে খদ্দর ! জামার হাত গিলে করা, তার মধ্য দিয়ে ভিতরের গেঞ্জীটি বেশ নজর হচ্ছিল। মহাত্মাজীর অদৃষ্টে এ খদ্দর দেখার সুযোগ বোধ হয় হয় নাই।

### আহা কি শুনিলাম !

তাঁহার উঠিবার কথা মহকুমা কংগ্রেস সম্পাদক ঝড়ু বাবুর বাড়ীতে। তাঁহার প্রথম উপস্থিতি ও সামান্য একটু সরবৎ পান হইল স্বর্গতঃ স্বনামধন্য মোক্তার ঝড়ু বাবুর বাড়ীতে। সেখানে অনেক জিজ্ঞাসু তাঁহাকে প্রশ্ন করিয়া যে মিষ্ট ভাষায় উত্তর পাইয়াছিলেন তাহাতে তাঁহাদের দেহ মন পুল-কিত (?) হইয়াছে। সংবাদপত্রে তাঁহার তিন খানা মোটর গাড়ী ও কলিকাতার কংগ্রেস ভবন সম্বন্ধে তাঁহার হইয়া বর্দ্ধমানের নামজাদা কংগ্রেসী জনাব আবদুস্ সাত্তার সাহেব যে জবাব দিয়া সুনীতির আভাস দিয়াছিলেন, তাহাতে এখনও লোকের তাঁহার নিকটে প্রশ্ন ও অভিযোগ করার প্রবৃত্তির শেষ হয় নাই দেখিয়া আনন্দিত হইলাম। পশ্চিম বাংলার মুখ্য মন্ত্রী ডাঃ বিধানচন্দ্রের ৭০তম জন্মোৎ-সবে তাঁহাকে অতুল্য বাবু যে ৭০০০০৲ সত্তর হাজার টাকা উপঢৌকন দিয়াছিলেন, তাহাও নিশ্চয় সুনীতির উজ্জ্বল নিদর্শন। যাহা হউক তিনি শ্রীঝড়ু বাবুর বাড়ীতে জেলার কংগ্রেস সভাপতির সহিত মধ্যাহ্ন ভোজনের পর, অন্যান্য অনুযাত্রিগণ আহারাদি করেন। স্বর্গতঃ ঝড়ু বাবুর উত্তরাধিকারী বিদগ্ধ-গোপাল বাবু তাঁহার ওখানেও মিষ্টান্নাদি দ্বারা জলযোগের ব্যবস্থা করেন।

---

GOVERNMENT OF WEST BENGAL
OFFICE OF THE
COLLECTOR OF MURSHIDABAD
TANKS IMPROVEMENT
DEPARTMENT.

## NOTICE

Sealed Tenders are invited for the re-excavation of 33 (thirty-three) tanks and will be received upto 1 P.M. and opened by the undersigned at 1 P.M. on 10. 4. 53.

2. Tenders should be filed in proper form obtainable free from this office and must be accompanied with a treasury chalan showing deposit of 5% of the estimated cost.

3. Plans and estimates of works may be seen at any time during office hours.

Sd/- M. N. Mitra
For Collector of Murshidabad.

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ২০শে এপ্রিল ১৯৫৩

১৯৫২ সালের ডিক্রীজারী


৩৫ মনি ডিঃ আবুল কাসেম দেং উম্মর আলি বিশ্বাস দাবি ৬৬৮৷৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে বহড়া। ১নং লাট ৪-২৪ শতক, ২নং লাট ১০ শতক, ৩নং লাট ৩৪ শতক, ৪নং লাট ১-৩১ শতকের কাত ১২৷৵০, ১।/৩, ১৷০, ৬৲ আঃ ২০০৲, ৭৮৲, ৩৫৲, ৭০৲ খং ১৩, ১৪, ৫৪৫, ৫৪৮ দেন্দারের ৳৮ অংশ। ৫নং লাট থানা সাগরদীঘি মৌজে খেরুর ৭৫ শতক, ৬নং লাট ১-৫০ শতকের কাত ৩৷০, ৯৶৵০ খং ১২৭১ ও ৮৮৩ আঃ ৩২৲, ৬৫৲ দেন্দারের ৳৮ অংশ।

১৯৫৩ সালের ডিক্রীজারী

৩৮ খাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দেং শান্তিময় রায় চৌধুরী দিং দাবি ৩৮৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে এনায়েতনগর ৩২ শতকের কাত ৪।/০ আঃ ২০৲ খং ২৬৬

৪৫ খাং ডিঃ উষানন্দী দাসী দিং দেং সুবর্ণমনি দাসী দাবি ২৮৬৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে একবর-পুর ৪১ শতকের কাত ৩৷৶০ আঃ ২০৲ খং ৭৯

[ ক্রোড়পত্র দেখুন।




## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও. রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

### মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত 'ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ৵০ আনা।

সোল এজেন্ট ঃ— **ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

# জঙ্গিপুর সংবাদের ক্রোড়পত্র

২৫শে চৈত্র বুধবার ইংরাজী ৮ই এপ্রিল, ১৯৫৩


### অগ্নিকাণ্ড

গত ২৪শে চৈত্র মঙ্গলবার সন্ধ্যার পর জঙ্গিপুর মিউনিসিপালিটির ৭নং ওয়ার্ড ধনপতনগর পল্লীতে আগুন লাগার ফলে ৭ খানি গৃহ পুড়িয়া ভস্মীভূত হইয়াছে। এই প্রচণ্ড রৌদ্রে গৃহহীন হওয়া যে কি কষ্টকর তাহা ভুক্তভোগী ভিন্ন অন্যে উপলব্ধি করিতে পারিবে না।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### *নিলামের দিন ২৭শে এপ্রিল ১৯৫৩*

১৯৫৩ সালের ডিক্রীজারী

৩১ খাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং নাবের সেখ দিং দাবি ২০।৶৩ থানা সাগরদীঘি মৌজে বেলাইপাড়া ২৪ শতকের কাত ২।৵৪ পাই আঃ ৫৲ খং ২৭৩

২৮ খাং ডিঃ ঐ দেং বৈদ্যনাথ দত্ত দাবি ৩১/৮ থানা ঐ মৌজে ডোমাইপুর ১-৪১ শতকের কাত ৭৸১৬ আঃ ১৫৲ খং ১৩৪

২৯ খাং ডিঃ ঐ দেং বৈদ্যনাথ দত্ত দাবি ২০।৵০ থানা ঐ মৌজে মোরগ্রাম ৮৫ শতকের কাত ৩৸৵৮ আঃ ১০৲ খং ৩৬৯

৩০ খাং ডিঃ ঐ দেং আতির মোল্লা দিং দাবি ২৫৶৬ মৌজাদি ঐ ১-৮০ শতকের কাত ৫।/১২ আঃ ১০৲ খং ২০১

৩২ খাং ডিঃ ঐ দেং খাতির আলি মোল্লা দিং দাবি ৪৩॥৵০ মৌজাদি ঐ ২-৫২ শতকের কাত ১১৸৵১৬ আঃ ২৫৲ খং ২০৯

৩৩ খাং ডিঃ ঐ দেং কাশেম আলি সেখ দিং দাবি ২৯৵০ মৌজাদি ঐ ২-৮২ শতকের কাত ৬৸৵৮ আঃ ১৫৲ খং ২১৯

৩৪ খাং ডিঃ ঐ দেং কোরবান সেখ দাবি ১৪৵৬ মৌজাদি ঐ ৩৮ শতকের কাত ২৲ আঃ ৪৲ খং ৩৩১

১৯৫২ সালের ডিক্রীজারী

৪০৫ খাং ডিঃ প্রিয়ম্বদা দেবী দিং দেং সুধীরকৃষ্ণ চট্টোপাধ্যায় দিং দাবি ১৭১৸৵৯ থানা সাগরদীঘি মৌজে খৈরটী ২১ শতকের কাত ১৬ আড়ি ধান্য আঃ ২৫৲ খং ৬৭০ রায়ত স্থিতিবান।

৪২৯ খাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দেং আলিজান সেখ দিং দাবি ৩৬৸৶৬ থানা ফরাক্কা মৌজে মুস্কিনগর ১-১০ শতকের কাত ৪৸২॥ আঃ ১০৲ খং ১৮০২

৪৩১ খাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দিং দেং ঐ দাবি ২০৶৩ মৌজাদি ঐ ১৭ শতকের কাত ১॥৶০ আঃ ৫৲ খং ১৮০১

৫৩ মর্গেজ ডিঃ অশ্বিনীকুমার সরকার দেং সবু বিবি দাবি ৫১৯।৬ থানা সুতী মৌজে মহিষাস্থলী ১।২ বিঘার কাত ১॥১৯॥০ আঃ ৫০৲ রায়ত স্থিতিবান ২নং লাট মৌজাদি ঐ ৪॥৪ বিঘার কাত ৫৵৮॥ আঃ ২০০৲ রায়ত স্থিতিবান।

---


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



CENTRE FOR STUDIES IN SOCIAL SCIENCES, CALCUTTA